

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

বিআরপিডি সার্কুলার লেটার নং-০৫

তারিখ : মার্চ ০৯, ২০১১
ফাল্গুন ২৫, ১৪১৭

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংক

প্রিয় মহোদয়,

ব্যাংকের ঋণসেবা সংক্রান্ত তথ্য প্রদর্শন প্রসঙ্গে।

বিআরপিডি সার্কুলার নং-১৪/২০০৩, জুন ৩০, ২০০৮ তারিখের পত্র নং-বিআরপিডি(পি-১)৬৬১/১৩(গ)/
২০০৮/২২৯৪-২৩৪১ এবং বিআরপিডি সার্কুলার নং-১৯/২০০৯ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

উক্ত সার্কুলারদ্বয় ও পত্রে প্রত্যেকটি ব্যাংককে তাদের বার্ষিক আর্থিক প্রতিবেদন, ব্যাংকের সার্বিক কার্যক্রম (Highlights) ও স্থিতিপত্র, ব্যাংকের আমানত ও ঋণের খাতভিত্তিক সুদ হারসহ ব্যাংকের Disclosure requirement পরিপালন ও সিডিউল অব চার্জেস এর পূর্ণ তালিকা স্ব স্ব ব্যাংকের প্রধান কার্যালয়, শাখাসমূহের দর্শনীয় স্থান এবং ওয়েবসাইটে প্রদর্শন করার বিষয়ে নির্দেশনা রয়েছে।

এক্ষণে, জানুয়ারি ১৭, ২০১১ তারিখের আন্তঃমন্ত্রণালয় সভার সিদ্ধান্তের প্রেক্ষিতে ব্যাংকের ঋণসেবা সংক্রান্ত তথ্যসমূহ গ্রাহকের কাছে সহজলভ্য করার নিমিত্তে প্রদর্শনের যথাব্যবস্থা গ্রহণের জন্য পুনঃ পরামর্শ দেয়া হলো।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

স্বাক্ষরিত

(কে,এম, আব্দুল ওয়াদুদ)
মহাব্যবস্থাপক
ফোন: ৭১১৭৮২৫